অক্টোবর ২০২৫
খণ্ড ১, সংখ্যা ১

# অনু গবেষণা জার্নাল
# Onu Research Journal

**সম্পাদক**
প্রফেসর ওয়াসীম মোঃ মেজবাহুল হক, পিএইচ.ডি

**প্রকাশিত**
অক্টোবর ২০২৫
রাজশাহী কলেজ রিসার্চ কমিউনিটি
রাজশাহী কলেজ, রাজশাহী
বাংলাদেশ।
টেলিফোন: +৮৮০২৫৮৮৮৫৫৪৭৫

**যোগাযোগের ঠিকানা**
সম্পাদক
অনু গবেষণা জার্নাল
সেল: +৮৮০১৭১১৩৯২১৩৭
ইমেল: rcresearchcommunity@gmail.com

**মুদ্রিত**
শাহপীর চিশতী প্রিন্টিং প্রেস, কাদিরগঞ্জ, রাজশাহী
সেল: +৮৮০১৭১১৩৫৯৪২৫

**মূল্য**
১০০ টাকা
৫ মার্কিন ডলার

**পৃষ্ঠপোষকমণ্ডলী**

- প্রফেসর মুঃ যহুর আলী
  অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী
- প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলী
  উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী

**সম্পাদকীয় বোর্ড**

**শিক্ষক প্যানেল**

- অধ্যাপক ওয়াসীম মো. মেজবাহুল হক, পিএইচডি
  বিভাগীয় প্রধান, অর্থনীতি
  রাজশাহী কলেজ, রাজশাহী
- সুশান্ত রায় চৌধুরী, পিএইচডি
  সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা
  রাজশাহী কলেজ, রাজশাহী
- মুহাম্মদ আসাদ - উজ - জামান
  সহকারী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ
  রাজশাহী কলেজ, রাজশাহী
- প্রমথ চন্দ্র সরকার
  সহকারী অধ্যাপক, মনোবিজ্ঞান
  পিএইচডি ফেলো, পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট (আইইএস)
  রাজশাহী বিশ্ববিদ্যালয়

**শিক্ষার্থী প্যানেল**

- মোসাঃ তাসলিমা খাতুন
  স্নাতক শিক্ষার্থী (শেষ বর্ষ), গণিত বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী
- মোঃ জুয়েল হোসেন
  স্নাতক শিক্ষার্থী (শেষ বর্ষ), অর্থনীতি বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী

RAJSHAHI COLLEGE RESEARCH COMMUNITY

RCRC

# সূচী-পত্র


| | | |
|---|---|---|
| 1. | **মোঃ তৌফিক ওমর, মোঃ সাফোয়ান বিন হাসান, অনামিকা আঙুরী, মোছাঃ রাজিয়া সুলতানা**<br>গোদাগাড়ী উপজেলায় পদ্মা নদী ভাঙ্গন ও চরের গতিশীলতাঃ ১৯৬৮-২০২৪ ভিত্তিক একটি ভৌগোলিক সমীক্ষা | 01-06 |
| 2. | **মোঃ মেহেদী হাসান মুনির, রিফাতুজ জোহরা রিফা, মাহফুজা ইয়াসমিন**<br>গোমস্তাপুরে বহুমুখী চাষের প্রসারঃ উৎপাদনশীলতা ও কৃষকের আর্থসামাজিক পরিবর্তন | 07-12 |
| 3. | **আখি ইসলাম, তাপসী জেবা তাহিরা, মোঃ সানজিদ সিয়াম**<br>সৃষ্টিশীল পেশা বেছে নেওয়ার সিদ্ধান্তে পারিবারিক ও সামাজিক প্রভাবঃ রাজশাহী কলেজ শিক্ষার্থীদের দৃষ্টিকোণের পরিসংখ্যানগত বিশ্লেষণ | 13-18 |
| 4. | **দেওয়ান নোভা পারভীন , আফসারাহ এহসান বিভা, আহমাদ যুবাইর**<br>শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে ক্লাব ও সহশিক্ষা কার্যক্রমের ভূমিকা | 19-22 |
| 5. | **মোসাঃ তাসলিমা খাতুন, আরিফা ইয়াসমিন, মোঃ রাতুল হাসান**<br>রাজশাহী কলেজ শিক্ষার্থীদের মধ্যে প্লাস্টিক ব্যবহারের প্রবণতা ও অপচয়ঃ পরিবেশ সচেতনতার এক মূল্যায়ন | 23-28 |
| 6. | **বিন্তু সরকার, অনন্যা রায়**<br>ডিজিটাল প্লাটফর্ম এ রাজশাহী বিভাগের কন্টেন্ট ক্রিয়েশনঃ উত্থান, পতন এবং চ্যালেঞ্জ | 29-34 |
| 7. | **অর্পিতা রায়, ফাউজিয়া ফারিহা, মোছাঃ রাফিকা আক্তার**<br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ভৌতিক রেজাল্টঃ কারণ, প্রভাব ও প্রতিকার | 35-40 |
| 8. | **লাবনী কর্মকার, রাফিয়া তাসনীম রিফা, সাবিলা তুন নেসা আনুস্কা, আসমা জাহান পিয়া**<br>রাজশাহী কলেজের শিক্ষার্থীদের শিক্ষাক্ষেত্রে ইউটিউবের  ব্যবহার ও প্রভাবঃ ২০২০-২০২৪ সালের একটি বিশ্লেষণ | 41-47 |
| 9. | **আনিকা মাহবুবা, মোঃ পাপুল ইসলাম**<br>গবেষণার প্রতি আগ্রহ ও গবেষণাভিত্তিক পেশা বেছে নেওয়ার প্রবণতাঃ রাজশাহী কলেজের সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের ওপর একটি বিশ্লেষণ | 48-52 |
| 10. | **তাসনিয়া খানম**<br>যৌতুক ও বিবাহ ব্যয়ে ঋণগ্রস্ততা, প্রেক্ষিতঃ বৃহত্তর রাজশাহী জেলা | 53-57 |
| 11 | **মোঃ আরাফাত হোসেন, দীপঙ্কর শর্মা পার্থ, সাবিহা পারভীন, সাদিয়া সিদ্দিকা**<br>প্লাস্টিক বর্জ্য: এর ভয়াবহতা, জনগণের মনোভাব এবং আমাদের করণীয় | 58-62 |

| | | |
|---|---|---|
| 12 | **মোঃ জুয়েল হোসাইন, মোসা: নিশাত তাসনিম আজাদ, ইসতিয়াক আহমেদ, মোঃ নায়েব আলী**<br>রাজশাহী কলেজে সহশিক্ষা কার্যক্রমের ভূমিকা: ক্লাব ও সংগঠনের প্রভাব | 63-65 |
| 13 | **মো:মশিউর রহমান মিশুক, মো:তারেক আহমেদ, আনিকা বুশরা, মো: সাইন রেজা**<br>দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রার মান: একটি সমাজবিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ | 66-68 |
| 14. | **Md. Ashraful Haque, Naimur Rahman, Rumana Zannat Naoshin, Fariha Afrin Roly**<br>Analysis of Expenditure Behavior among Students of Rajshahi College in Bangladesh | 69-74 |
| 15. | **Md. Tauhidur Rahman, Fahad Uddin Sourov, Mst. Rifa Tamanna Ria, Md. Sadik Reza**<br>Exploring the Impact of Campus Natural Environment on Academic Performance and Mental Well-being: A Study on Students of Rajshahi College | 75-80 |
| 16. | **Md. Sabbirul Islam Khan, Md. Mostafizur Rahaman, Md. Tuhin Islam, Md. Sahadat Hossain**<br>Evaluating Consumer Perceptions of NESCO's Service Quality in Rajshahi City Corporation | 81-85 |
| 17. | **Sabiha Tasnim Mim, Md. Shahriyar Islam Ovi, Ismot Jahan, Rabita Akter Rotna**<br>Psychological Distance in Teacher- Student Relationships and Its Reflection in The Teacher Learning Process | 86-90 |
| 18. | **Mst. Sanjida Akter, Most. Riya Khatun, Miftahul Jannat Medha**<br>Career Readiness Evaluation and Skill Gap Identification: A Case Study on the Students of Rajshahi College | 91-95 |
| 19. | **S.M. Razanul Islam Maruf, Khondokar Galib, Mahmud Hasan, Md. A. Awal**<br>Reading Books Other Than Textbooks by the Honors & Master’s Level Students of Rajshahi College | 96-104 |

# সম্পাদকীয়

একাডেমিক জার্নালে সাধারণত সম্পাদকীয় লেখার প্রচলন নেই। তবুও এই সম্পাদকীয়টি লিখছি কৃতিত্ব প্রদান, কৃতজ্ঞতা প্রকাশ এবং কিছু প্রাসঙ্গিক তথ্য জানাবার উদ্দেশ্যে। আশা করি রেওয়াজ ভঙ্গ করে ভবিষ্যতে আর সম্পাদকীয় লেখার প্রয়োজন হবে না।

২০২০ সালের কথা—করোনা মহামারির সময় স্কুল–কলেজ বন্ধ, সবাই গৃহবন্দী। সে সময় রাজশাহী কলেজের আমরা কয়েকজন শিক্ষক অনলাইনে সপ্তাহে একদিন করে গবেষণাপদ্ধতি (Research Methodology) নিয়ে আলোচনা করার সিদ্ধান্ত নিই। ২০২১ সাল পর্যন্ত সে সাপ্তাহিক আলোচনা নিয়মিতভাবে চলমান ছিল। সে আলোচনায় নিয়মিত অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন—সমাজবিজ্ঞান বিভাগের ড. মুহাম্মদ জাকির আল ফারুকী, সুলতানা জহুরা ও নূসরাত জেরিন এ্যানী; ব্যবস্থাপনা বিভাগের ড. সুশান্ত রায় চৌধুরী; মনোবিজ্ঞান বিভাগের প্রমথ চন্দ্র সরকার; ভূগোল ও পরিবেশ বিভাগের মুহাম্মদ আসাদ-উজ-জামান; অর্থনীতি বিভাগের মোঃ সাজেদুর রহমান এবং আমি। এছাড়া পদার্থবিজ্ঞান বিভাগের মোঃ বারিক মৃধা ও হিসাববিজ্ঞান বিভাগের অনুতোষ কুমার প্রামানিকও যুক্ত ছিলেন। রাজশাহী কলেজের বাইরে অন্যান্য কলেজ থেকে অংশ নেন সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুরের অর্থনীতি বিভাগের তৎকালীন শিক্ষক মেহের আফরোজ এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজের অর্থনীতি বিভাগের তৎকালীন শিক্ষক ড. এস. এম. আতিয়ার রহমান।

গবেষণার ধারণাকে আরও গভীরভাবে আত্মস্থ করার এই উদ্যোগকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে ২০২১ সালের ৫ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয় Rajshahi College Research Community (RCRC)। উদ্বোধন করেন রাজশাহী কলেজের তৎকালীন অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক। তিনি শুধু উদ্বোধনই করেননি, বরং একটি স্থায়ী তহবিল গঠনের ব্যবস্থাও করে দেন। সেই তহবিলের অর্থ দিয়েই ''অনু গবেষণা জার্নাল''-এর প্রথম সংখ্যা প্রকাশিত হলো।

পরবর্তীকালে শিক্ষকদের বদলি, উচ্চতর শিক্ষার জন্য ডেপুটেশন, এবং ব্যস্ততার কারণে RCRC-এর সাপ্তাহিক আলোচনা কিছুটা স্তিমিত হয়ে পড়ে। তখন সুশান্ত, প্রমথ, আসাদ এবং আমি সিদ্ধান্ত নিই—এই গবেষণাচর্চাকে শিক্ষকদের গণ্ডি ছাড়িয়ে শিক্ষার্থীদের মাঝেও সম্প্রসারিত করতে হবে। এর ধারাবাহিকতায় আগ্রহী শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে মুখোমুখি সেশনের আয়োজন করা হয়, যা এখনও নিয়মিতভাবে চলছে। এছাড়া গত তিন বছরে শিক্ষার্থী-কেন্দ্রিক গবেষণাপদ্ধতি বিষয়ক বেশ কিছু সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ২০২৫ সালের ৩০ এপ্রিল অনুষ্ঠিত বৃহৎ কর্মশালা, যেখানে ২৭৩ জন শিক্ষার্থীকে চারটি গ্রুপে ভাগ করে মোট ২৫টি সেশন পরিচালিত হয়—একটি সাধারণ (কমন) সেশন এবং প্রতিটি গ্রুপের জন্য ছয়টি করে পৃথক সেশন।

আজকের এই ''অনু গবেষণা জার্নাল'' সেই কর্মশালারই ফল (Outcome)। কর্মশালা শেষে আগ্রহী শিক্ষার্থীদের মধ্যে দলগতভাবে গবেষণার জন্য নাম আহ্বান করা হয়; শেষ পর্যন্ত ১৭ টি দল তাঁদের চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়। এই মার্চের কর্মশালাটি সম্পূর্ণ স্বউদ্যোগে ও স্ব-আগ্রহে, কোনো আর্থিক প্রণোদনা ছাড়াই পরিচালনা করেছেন ড. সুশান্ত রায় চৌধুরী, প্রমথ চন্দ্র সরকার এবং আমি নিজে। পরবর্তীতে শিক্ষার্থীদের গবেষণা প্রতিবেদন প্রণয়নের তত্ত্বাবধানও একইভাবে সম্পন্ন হয়।

গবেষণা প্রতিবেদনগুলো ছাপার উপযোগী করে তোলার কাজেও দুজন গবেষণাপ্রবণ শিক্ষার্থী— মোছাঃ তাসলিমা খাতুন ও মোঃ জুয়েল হোসাইন—কে সম্পাদনার সঙ্গে যুক্ত করা হয়, যাতে তাঁরা হাতে-কলমে সম্পাদনার অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

এখন জার্নালের নাম প্রসঙ্গে আসি। ''অনু'' শব্দটি নিয়ে অনেকে আপত্তি তুলেছিলেন; কেউ কেউ বলেছিলেন, জার্নাল থেকে ''অনু'' শব্দটি বাদ দিলে এটি একটি পূর্ণাঙ্গ গবেষণা জার্নাল হিসেবে মর্যাদা পাবে। কিন্তু গবেষণা একটি বিস্তৃত প্রক্রিয়া—বৈধ (valid) ও নির্ভরযোগ্য (reliable) ফলাফলে পৌঁছাতে অনেক ধাপ পেরোতে হয়। এই জার্নালে প্রকাশিত প্রতিবেদনগুলোতে গবেষণার সকল ধাপ কঠোরভাবে অনুসৃত হয়নি, কারণ আমাদের উদ্দেশ্য পূর্ণাঙ্গ গবেষণাপত্র প্রকাশ নয়; বরং শিক্ষার্থীদের মাঝে গবেষণা সম্পর্কে আগ্রহ সৃষ্টি করা, তাঁদের জড়তা ও ভীতি দূর করা, এবং গবেষণার স্বাদ গ্রহণে উদ্বুদ্ধ করা। তাই ''অনু'' শব্দটি প্রয়োগের মাধ্যমে আমরা এ জার্নালটিকে শিক্ষার্থীদের জন্য একটি প্রাথমিক গবেষণামূলক প্ল্যাটফর্ম হিসেবে চিহ্নিত করেছি।

আরও একটি কথা উল্লেখ করা প্রয়োজন—শিক্ষার্থীদের জন্য গবেষণা জার্নাল প্রকাশের ধারণাটি আমাদের মধ্যে আসে ''চিন্তার চাষ'' নামের একটি স্বেচ্ছাসেবী গবেষণা সংগঠনের ''গবেষণা'' নামক জার্নাল দেখে। জার্নালটি স্কুল শিক্ষার্থীদের দ্বারা সম্পাদিত গবেষণাপত্রের সংকলন। প্রমথ চন্দ্র সরকারই প্রথম আমাদের সেই জার্নালের সঙ্গে পরিচয় করিয়ে দেন।

পরিশেষে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি রাজশাহী কলেজের বর্তমান অধ্যক্ষ প্রফেসর মুঃ যহুর আলী ও উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলীকে, যাঁদের আন্তরিকতা ও উৎসাহ এই প্রকাশনাকে বাস্তবে রূপ দিতে সহায়ক হয়েছে।

ড. ওয়াসীম মোঃ মেজবাহুল হক
সম্পাদক
অনু গবেষণা জার্নাল
রাজশাহী কলেজ রিসার্চ কমিউনিটি (RCRC)
রাজশাহী কলেজ।

RAJSHAHI COLLEGE RESEARCH COMMUNITY

RCRC